হোসেন এনডিসি বলেন, 'জ্বালানিভিত্তিক তথ্যপ্রচার ও প্রাপ্তিতে একটা গ্যাপ রয়েছে, যার ফলে এ বিষয়ক অনেক সরকারি সেবা সম্পর্কে দেশের বেসরকারিখাত অবগত নয়, এটি দূর করতে হবে।' তিনি বলেন, 'আমাদের বেসরকারি খাতের আর্থিক সক্ষমতা বেশ বেড়েছে, তাই জ্বালানিবিষয়ক গবেষণা কার্যক্রমের অর্থায়নে বেসরকারি খাতকে এগিয়ে আসার আহ্বান জানান।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও ভাইস চেয়ারম্যান, নিউএইজ গ্রুপ, আসিফ ইব্রাহীম বলেন, 'দেশের বৃহৎ শিল্প-কারখানাসমূহে জ্বালানি সরবরাহ থাকলেও, বিশেষ করে এসএমই খাতের উদ্যোক্তারা জ্বালানি স্বল্পতার কারণে উৎপাদন কার্যক্রম পরিচালনায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এছাড়াও ঋণপ্রাপ্তি প্রক্রিয়ার জটিলতার কারণে তারা অর্থায়ন সমস্যায় মুখোমুখি হচ্ছেন, যার আশু সমাধান প্রয়োজন।'

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) মো. রফিকুল আলম বলেন,

'প্রতি কিউবিক এলএনজি আমদানিতে ৬৫-৭০ টাকা ব্যয় হলেও সরকার বিক্রি করছে ৩০ টাকায়, ফলে এখানে সরকারকে প্রচুর তরুণ দিতে হচ্ছে। সব স্তরের ভোক্তাদের জ্বালানি ব্যবহারের জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে ৫-১৫ শতাংশ জ্বালানি সাশ্রয় সম্ভব, সেইসঙ্গে এ খাতে গবেষণাকার্যক্রম বাড়ানোর পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি বিশেষ করে সৌর বিদ্যুৎ ব্যবহারের বৃদ্ধির ওপর জোরারোপ করেন তিনি।' বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব (প্রশিক্ষণ শাখা) মো জাহিদুল ইসলাম বলেন, 'আমাদের মোট উৎপাদিত জ্বালানির ২৭ শতাংশ শিল্প খাতে ব্যবহৃত হয় এবং ২০৫০ সালে এ চাহিদা ৪০ শতাংশে উন্নীত হবে। জ্বালানি উৎপাদন ও ব্যবহারে আমরা সাশ্রয়ী হলে তুলনামূলক সাশ্রয়ী মূল্যে শিল্প-কারখানাসহ জনগণকে জ্বালানি সেবাপ্রদান সম্ভব হবে।'

পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন) মো. ইমাম উদ্দিন শেখ বলেন, 'প্রতিদিন আমাদের গ্যাসের চাহিদা ৩৮০০ মিলিয়ন ঘনফুট, যদিও আমরা ২৯০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করতে পারছি, ঘাটতি রয়েছে ৯০০ মিলিয়ন ঘনফুট।' প্রয়োজনীয় জ্বালানি সরবরাহপ্রাপ্তির লক্ষ্যে শিল্পাঞ্চলসমূহে কারখানা স্থাপনের জন্য উদ্যোক্তাদের প্রতি তিনি আহ্বান জানান। বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিপিজিএমইএ) সভাপতি শামীম আহমেদ বলেন, 'এলএনজি আমদানিতে বেসরকারি খাতে অধিক হারে সম্পৃক্তকরণে সরকারকে এগিয়ে আসতে হবে।'

বিকেএমইএর সিনিয়র সহসভাপতি মনসুর আহমেদ বলেন, 'প্রতিনিয়ত আমাদের প্রাকৃতিক গ্যাস আহরণের হার হ্রাস পাচ্ছে, বিষয়টি উদ্বেগজনক।' এমতাবস্থায় তিনি জ্বালানি আমদানি উৎসের বহুমুখীকরণের ওপর জোরারোপ করেন। বিজিএমইএর সিনিয়র সহসভাপতি ইনামুল হক খান বলেন, 'নতুন শিল্পস্থাপনে জ্বালানির উচ্চ মূল্য দেশের শিল্পায়ন বিকাশে অন্যতম প্রতিবন্ধকতা।' তিনি বলেন, 'বৃহত্তর গাজীপুর শিল্পাঞ্চলে প্রতিদিন ছয়-আট ঘণ্টা লোডশেডিং চলেছে, ফলে অতিরিক্ত খরচ হচ্ছে ৪-৫ লাখ টাকা। এছাড়াও পণ্য উৎপাদনে সময়ক্ষেপণের কারণে রপ্তানি বাধাগ্রস্ত হচ্ছে, ফলে বৈশ্বিক প্রতিযোগিতায় আমরা ক্রমাগত পিছিয়ে পড়ছি।' তিনি বলেন, শিল্প-কারখানায় ১০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধি করা গেলে ২২০ মেগাওয়াট জ্বালানি সাশ্রয় সম্ভব হবে, তবে সোলার প্যানেল আমদানি ওঙ্ক সুবিধা না থাকায় উদ্যোক্তাদের বেশি দাম প্রদান করতে হচ্ছে।'

কালের কণ্ঠ

মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

জ্বালানি নিরাপত্তায় সংরক্ষণ সক্ষমতা বাড়ানোর তাগিদ

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের শিল্প-কারখানার ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তার স্বার্থে দক্ষতা ও সংরক্ষণ ক্ষমতা বাড়ানোর তাগিদ দিয়েছেন খাত সংশ্লিষ্ট ব্যক্তিরা। তাঁরা বলেন, শিল্পে নিরবচ্ছিন্ন মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকার কারণে পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছে, ফলে শিল্পের প্রতিযোগিতা ক্ষমতা হ্রাস পাচ্ছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি' বিষয়ক ফোকাস গ্রুপ আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন।

গতকাল সোমবার ঢাকা চেম্বার মিলনায়তনে এই গ্রুপ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের (বিইপিআরসি) চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন সভায় সম্মানিত অতিথি হিসেবে অংশ নেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'সমসাময়িক ভূ-রাজনৈতিক প্রেক্ষিতে বিবেচনায়, দেশের বেসরকারি খাত যথেষ্ট চাপের মধ্যে রয়েছে, সেই সঙ্গে শিল্পে নিরবচ্ছিন্ন মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকার কারণে পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছে, ফলে আমাদের প্রতিযোগিতা ক্ষমতা হ্রাস পাচ্ছে।'

এ ছাড়া তিনি শিল্প-কারখানায় নিয়মিত 'এনার্জি অডিট' বাস্তবায়ন ও শিল্পের খাতভিত্তিক গবেষণায় শিক্ষা খাতকে সম্পৃক্তকরণ এবং প্রয়োজনীয় 'ইন্ডাস্ট্রি ম্যাপিং'-এর আহ্বান জানান।

সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেন, জ্বালানি দক্ষতা বিষয়ে ২০১৬ সালে একটি এনার্জি এফিশিয়েন্সি অ্যান্ড কনজারভেশন মাস্টারপ্ল্যান এবং জ্বালানি ও বিদ্যুৎ খাত নিয়ে ২০২৩ সালে ইন্টিগ্রেটেড এনার্জি অ্যান্ড পাওয়ার সেক্টর মাস্টারপ্ল্যান করা হলেও কোনো জ্বালানি দক্ষতা নিয়ে সুনির্দিষ্ট নীতিমালা ও কর্মপরিকল্পনা নেই, তাই বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে।

তিনি বলেন, দেশের বিভিন্ন ক্ষেত্রে জ্বালানি দক্ষতার সংজ্ঞাগত ও ধারণাগত পার্থক্য রয়েছে। এ ছাড়া দেশের জ্বালানির উৎস ও সরবরাহে একটি বড় প্রতিবন্ধকতা রয়েছে। তিনি আরো বলেন, জ্বালানি দক্ষতার বিষয়ে গৃহীত পরিকল্পনাগুলোর বাস্তবায়ন হয়েছে কি না এবং শিল্প খাতে এ বিষয়ে কী ধরনের প্রগোদনা দেওয়া হয়েছে এবং কতটা

ডিসিসিআই আলোচনা সভা



জ্বালানিভিত্তিক তথ্য প্রচার ও প্রাপ্তিতে একটা গ্যাপ রয়েছে, যার ফলে এ বিষয়ক অনেক সরকারি সেবা সম্পর্কে দেশের বেসরকারি খাত অবগত নয়, এটি দূর করতে হবে মোহাম্মদ ওয়াহিদ হোসেন
চেয়ারম্যান, বিইপিআরসি

কার্যকর হয়েছে সেটি অনুসন্ধান করে দেখা উচিত। সেই সঙ্গে এ খাতে প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের ওপর তিনি জোরারোপ করেন।

বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের (বিইপিআরসি) চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন বলেন, জ্বালানিভিত্তিক তথ্য প্রচার ও প্রাপ্তিতে একটা গ্যাপ রয়েছে, যার ফলে এ বিষয়ক অনেক সরকারি সেবা সম্পর্কে দেশের বেসরকারি খাত অবগত নয়, এটি দূর করতে হবে। ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও ভাইস চেয়ারম্যান, নিউএইজ গ্রুপ আসিফ ইব্রাহীম বলেন, দেশের বৃহৎ শিল্প-কারখানাসমূহে জ্বালানি সরবরাহ থাকলেও বিশেষ করে এসএমই খাতের উদ্যোক্তারা জ্বালানি স্বল্পতার কারণে উৎপাদন কার্যক্রম পরিচালনায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ ছাড়া ঋণ প্রাপ্তি প্রক্রিয়ার জটিলতার কারণে তাঁরা অর্থায়ন সমস্যার মুখোমুখি হচ্ছেন, যার আশু সমাধান প্রয়োজন।

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

ডিসিসিআই সেমিনারে বক্তারা

শিল্পে নিরবচ্ছিন্ন জ্বালানির অভাবে পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছে দেশ

নিজস্ব প্রতিবেদক

শিল্পে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকায় পণ্য উৎপাদনে দেশ পিছিয়ে পড়ছে বলে অভিমত সংশ্লিষ্টদের। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) যৌথভাবে আয়োজিত 'বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি' বিষয়ক ফোকাস গ্রুপ আলোচনা সভায় এসব কথা বলেন বক্তারা। আলোচনায় বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)-এর চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন, ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ, সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও ভাইস চেয়ারম্যান, নিউএইজ গ্রুপ আসিফ ইব্রাহীম, বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিপিজিএমইএ)-এর সভাপতি শামীম আহমেদ, বিজিএমইএর সিনিয়র সহসভাপতি ইনামুল হক খান প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'শিল্পে নিরবচ্ছিন্ন মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকার

कारणे আমরা পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছি। আমাদের প্রতিযোগিতার সক্ষমতা কমে যাচ্ছে।' শিল্পের খাত-ভিত্তিক গবেষণায় শিক্ষা খাতকে সম্পৃক্তকরণ এবং প্রয়োজনীয় 'ইন্ডাস্ট্রি ম্যাপিং'-এর কথাও জানান তিনি। সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেন, 'দেশের বিভিন্ন ক্ষেত্রে জ্বালানি দক্ষতার সংজ্ঞাগত ও ধারণাগত পার্থক্য রয়েছে। দেশের জ্বালানির উৎস ও সরবরাহে একটি বড় প্রতিবন্ধকতা রয়েছে।' বিইপিআরসির চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন বলেন, 'আমাদের বেসরকারি খাতের আর্থিক সক্ষমতা বেশ বেড়েছে, তাই জ্বালানি বিষয়ক গবেষণা কার্যক্রমের অর্থায়নে বেসরকারি খাতকে এগিয়ে আসা প্রয়োজন। যার মাধ্যমে এ খাতের নতুন প্রযুক্তির ব্যবহার, ভোক্তাদের সচেতনতা বৃদ্ধিসহ সর্বোপরি একটি টেকসই ব্যবসাবান্ধব জ্বালানি পরিকল্পনা প্রণয়নে সক্ষম হবে।' ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহীম বলেন, 'দেশের বৃহৎ শিল্প-কারখানাসমূহে জ্বালানি সরবরাহ থাকলেও, বিশেষকরে এসএমই খাতের উদ্যোক্তারা জ্বালানি স্বল্পতার কারণে উৎপাদন কার্যক্রম পরিচালনায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।'

আমাদের সমস্যা

মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

আলোচনাসভায় ডিসিসিআই নিরবচ্ছিন্ন জ্বালানির অভাবে ধুকছে শিল্প

নিজস্ব প্রতিবেদক ●

শিল্প খাতে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ না থাকায় উৎপাদনে বিঘ্ন ঘটায় পাশাপাশি প্রতিযোগিতার সক্ষমতা কমে যাচ্ছে বলে জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। গতকাল ‘বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি’ শীর্ষক এক আলোচনা সভায় তিনি এ তথ্য জানান। ডিসিসিআই ও সানেমের উদ্যোগে মতিঝিলে ডিসিসিআই মিলনায়তনে ফোকাস গ্রুপের এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শিল্প-কারখানায় নিয়মিত ‘এনার্জি অডিট’ বাস্তবায়নের ওপর গুরুত্ব দিয়ে তাসকীন আহমেদ বলেন, সমসাময়িক ভূ-রাজনৈতিক প্রেক্ষিতে বিবেচনায় বাংলাদেশের বেসরকারি খাত যথেষ্ট চাপের মধ্যে রয়েছে। একই সঙ্গে খাতভিত্তিক গবেষণায় শিক্ষা খাতকে সম্পৃক্ত এবং ‘ইন্ডাস্ট্রি ম্যাপিং’র আহ্বান জানান তিনি। সভায় প্রধান অতিথি ছিলেন বিইপিআরসির চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন। তিনি বলেন, জ্বালানিবিষয়ক সরকারি তথ্য ও সেবা প্রাপ্তিতে যে গ্যাপ রয়েছে, তা কমাতে হবে। বেসরকারি খাতের আর্থিক সক্ষমতা বাড়ছে।

দৈনিক বাংলা

মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

রাজনৈতিক বিবেচনায় বেসরকারি খাত চাপে রয়েছে

ডিসিসিআই সভাপতি

নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ বলেছেন সমসাময়িক ভূ-রাজনৈতিক পরিপ্রেক্ষিতে বিবেচনায় বাংলাদেশের বেসরকারি খাত যথেষ্ট চাপের মধ্যে রয়েছে। জ্বালানি সক্ষমতা বাড়াতে সামগ্রিকভাবে অভ্যাসগত পরিবর্তন আনতে হবে।

গতকাল সোমবার 'বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি' শীর্ষক এক আলোচনায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ এ মন্তব্য করেন। ডিসিসিআই এবং সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিংয়ের (সানেম) যৌথ উদ্যোগে রাজধানীর মতিঝিলে ডিসিসিআই মিলনায়তনে ফোকাস গ্রুপের এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ডিসিসিআই সভাপতি বলেন, শিল্প খাতে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ না থাকায় উৎপাদনে বিঘ্ন ঘটছে। প্রতিযোগিতার সক্ষমতা কমে যাচ্ছে।

জ্বালানি ব্যবহারে অভ্যাসগত পরিবর্তনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তিনি শিল্প-কারখানায় নিয়মিত 'এনার্জি অডিট' বাস্তবায়নের ওপর গুরুত্ব দেন। একই সঙ্গে খাতভিত্তিক গবেষণায় শিক্ষা খাতকে সম্পৃক্ত এবং 'ইন্ডাস্ট্রি ম্যাপিং'র আহ্বান জানান তিনি। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের (বিইপিআরসি) চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন এনভিসি।

সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেন, দেশে জ্বালানি দক্ষতা নিয়ে এখনও কোনও সুস্পষ্ট নীতিমালা নেই। বিদ্যমান মাস্টারপ্ল্যানগুলো বাস্তবায়ন পর্যাপ্ত জরুরি বলে মন্তব্য করেন তিনি।



সেইসঙ্গে প্রযুক্তিগত উৎকর্ষতা বাড়ানো এবং জ্বালানির সংজ্ঞাগত বিভ্রান্তি দূর করার প্রয়োজনীয়তার কথা বলেন। বিইপিআরসি চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন বলেন, জ্বালানি বিষয়ক সরকারি তথ্য ও সেবা প্রাপ্তিতে যে গ্যাপ রয়েছে, তা কমাতে হবে। বেসরকারি খাতের আর্থিক সক্ষমতা বাড়ছে উল্লেখ করে তিনি বলেন, গবেষণায় এ খাতের অংশগ্রহণ বাড়তে হবে, যাতে প্রযুক্তির উন্নয়ন ও সচেতনতা বাড়ানো সম্ভব হয়।

নিউএইজ গ্রুপের ভাইস চেয়ারম্যান আসিফ ইব্রাহীম বলেন, বড় শিল্প-কারখানায় জ্বালানির সরবরাহ থাকলেও এসএমই খাত জ্বালানির অভাবে বিপর্যস্ত। নবায়নযোগ্য জ্বালানি যন্ত্রপাতি আমদানিতে শুল্ক হ্রাসের দাবি জানান তিনি।

জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) মো. রফিকুল আলম বলেন, সরকার এলএনজিতে ভর্তুকি দিচ্ছে, কিন্তু জনসচেতনতা বাড়িয়ে ৫-১৫ শতাংশ জ্বালানি সাশ্রয় সম্ভব। নবায়নযোগ্য উৎস, বিশেষ করে সৌরবিদ্যুৎ ব্যবহারে জোর দেন তিনি।

বিদ্যুৎ বিভাগের যুগ্ম সচিব মো. জাহিদুল ইসলাম

জানান, শিল্প খাতে ২৭ শতাংশ জ্বালানি ব্যবহৃত হয়, যা ২০৫০ সালে ৪০ শতাংশে পৌঁছাতে পারে। তাই এখনই দক্ষ ব্যবহারে উদ্যোগ নেওয়া জরুরি।

পেট্রোবাংলার মহাব্যবস্থাপক মো. ইমাম উদ্দিন শেখ জানান, দেশের দৈনিক গ্যাসের চাহিদা ৩৮০০ মিলিয়ন ঘনফুট হলেও সরবরাহ হচ্ছে ২৯০০ মিলিয়ন ঘনফুট। ঘাটতি মেটাতে শিল্পাঞ্চলে কারখানা স্থাপনের পরামর্শ দেন তিনি।

বাপেক্সের মহাব্যবস্থাপক প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন জানান, ২০৩০ সালের মধ্যে ১০০টি কূপ খননের উদ্যোগ নেওয়া হয়েছে জ্বালানি সরবরাহ বাড়াতে। বিভিন্ন শিল্প সংগঠনের নেতারা সভায় অংশ নিয়ে জ্বালানির সংকট, উচ্চমূল্য, শুল্ক বাধা, এলএনজির নির্ভরতা এবং নবায়নযোগ্য জ্বালানিতে বিনিয়োগ বাড়ানোর প্রয়োজনীয়তা তুলে ধরেন।

বিজিএমইএ'র সিনিয়র সহ-সভাপতি ইনামুল হক খান বলেন, গাজীপুর শিল্পাঞ্চলে দৈনিক ৬-৮ ফুট লোডশেডিং হচ্ছে, এতে দৈনিক ৪-৫ লাখ টাকা অতিরিক্ত খরচ হচ্ছে। ১০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়াতে পারলে ২২০ মেগাওয়াট বিদ্যুৎ সাশ্রয় সম্ভব বলে জানান তিনি।

দেশ রূপান্তর

মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

জ্বালানি নিরাপত্তায় সংরক্ষণ সক্ষমতা বাড়ানো জরুরি

নিজস্ব প্রতিবেদক

শিল্পের ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে এর ব্যবহারে দক্ষতা ও সংরক্ষণ সক্ষমতা বৃদ্ধি জরুরি বলে মনে করেন সংশ্লিষ্টরা। জ্বালানি সক্ষমতা বাড়াতে সামগ্রিকভাবে অভ্যাসগত পরিবর্তন আনয়ন করতে হবে। গতকাল সোমবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে ‘বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি’ শীর্ষক ফোকাস গ্রুপ আলোচনায় বক্তারা এ মন্তব্য করেন। ডিসিসিআই ও সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিংয়ের (সানেম) যৌথ আয়োজনে সেমিনারটিতে সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের (বিইপিআরসি) চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন।

অনুষ্ঠানে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা, বিপিজিএমইএ, বিকেএমইএ ও বিজিএমইএর নেতারা বক্তব্য রাখেন। এ সময় ডিসিসিআই উর্ধ্বতন সহসভাপতি মো. সালিম সোলায়মান এবং পরিচালনা পর্ষদের সদস্যসহ আরও অনেকে অংশগ্রহণ করেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ বলেন, জ্বালানি সক্ষমতা বাড়াতে আমাদের সামগ্রিকভাবে অভ্যাসগত পরিবর্তন আনয়ন করতে হবে। তিনি বলেন, সমসাময়িক ভূরাজনৈতিক প্রেক্ষিতে বিবেচনায় দেশের বেসরকারি খাত যথেষ্ট চাপের মধ্যে রয়েছে, সেই সঙ্গে শিল্পে নিরবচ্ছিন্ন মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকার কারণে আমরা পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছি, ফলে আমাদের প্রতিযোগিতা সক্ষমতা হ্রাস পাচ্ছে। শিল্প-কারখানায় নিয়মিতভাবে ‘এনার্জি অডিট’ বাস্তবায়নের ওপর তিনি জোর দেন। এ ছাড়া তিনি শিল্পের খাতভিত্তিক গবেষণায় শিক্ষা খাতকে সম্পৃক্তকরণ এবং প্রয়োজনীয় ‘ইন্ডাস্ট্রি ম্যাপিংয়ের’ আহ্বান জানান।

সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেন, জ্বালানি দক্ষতা বিষয়ে ২০১৬ সালে একটি এনার্জি এফিশিয়েন্সি অ্যান্ড কন্সারভেশন মাস্টারপ্ল্যান এবং জ্বালানি ও বিদ্যুৎ খাত নিয়ে ২০২৩ সালে ইন্টিগ্রেটেড

ডিসিসিআই ও সানেমের যৌথ সেমিনারে বক্তারা

এনার্জি অ্যান্ড পাওয়ার সেক্টর মাস্টারপ্ল্যান করা হলেও কোনো জ্বালানি দক্ষতা নিয়ে সুনির্দিষ্ট নীতিমালা ও কর্মপরিকল্পনা নেই, তাই বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে।

মোহাম্মদ ওয়াহিদ হোসেন বলেন, জ্বালানিভিত্তিক তথ্য প্রচার ও প্রাপ্তিতে একটা গ্যাপ রয়েছে, যার ফলে এ-বিষয়ক অনেক সরকারি সেবা সম্পর্কে দেশের বেসরকারি খাত অবগত নয়, এটি দূর করতে হবে। ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও নিউজ গ্রুপের

ভাইস চেয়ারম্যান আসিফ ইব্রাহিম বলেন, দেশের বৃহৎ শিল্প-কারখানাগুলো জ্বালানি সরবরাহ থাকলেও বিশেষ করে এসএমই খাতের উদ্যোক্তারা জ্বালানি স্বল্পতার কারণে উৎপাদন কার্যক্রম পরিচালনায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এ ছাড়া ঋণপ্রাপ্তি প্রক্রিয়ার জটিলতার কারণে তারা অর্থায়ন সমস্যায় মুখোমুখি হচ্ছেন, যার আশু সমাধান প্রয়োজন। তিনি বলেন, বিশেষ করে নবায়নযোগ্য জ্বালানি ও জ্বালানি ব্যবহারের সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানিতে বিদ্যমান উচ্চ শুল্ক হার হ্রাস করা গেলে শিল্প খাতে জ্বালানি সক্ষমতা বাড়ানো সম্ভব হবে।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (পরিচালন) মো. রফিকুল আলম বলেন, প্রতি কিউবিক এলএনজি আমদানিতে ৬৫-৭০ টাকা ব্যয় হলেও সরকার বিক্রি করছে ৩০ টাকায়, ফলে এখানে সরকারকে প্রচুর ভর্তুকি দিতে হচ্ছে। তিনি বলেন, সব স্তরের ভোক্তাদের জ্বালানি ব্যবহারের জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে ৫ থেকে ১৫ শতাংশ জ্বালানি সাশ্রয় সম্ভব, সেই সঙ্গে এ-খাতে গবেষণা কার্যক্রম বাড়ানোর পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি বিশেষ করে সৌরবিদ্যুৎ ব্যবহারের বৃদ্ধির ওপর জোরারোপ করেন।

বিদ্যুৎ বিভাগের যুগ্ম সচিব (প্রশিক্ষণ শাখা) মো. জাহিদুল ইসলাম বলেন, আমাদের মোট উৎপাদিত জ্বালানির ২৭ শতাংশ শিল্প খাতে ব্যবহৃত হয় এবং ২০৫০ সালে এ চাহিদা ৪০ শতাংশ উন্নীত হবে। তিনি

বলেন, জ্বালানি উৎপাদন ও ব্যবহারে আমরা সাশ্রয়ী হলে তুলনামূলক সাশ্রয়ী মূল্যে শিল্প-কারখানা সহ জনগণকে জ্বালানি সেবা প্রদান সম্ভব হবে।

পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন) মো. ইমাম উদ্দিন শেখ জানান, প্রতিদিন আমাদের গ্যাসের চাহিদা ৩৮০০ মিলিয়ন ঘনফুট, যদিও আমরা ২৯০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করতে পারছি, ঘাটতি রয়েছে ৯০০ মিলিয়ন ঘনফুট। প্রয়োজনীয় জ্বালানি সরবরাহ প্রাপ্তির লক্ষ্যে শিল্পাঞ্চলগুলোয় কারখানা স্থাপনের জন্য উদ্যোক্তাদের প্রতি তিনি আহ্বান জানান।

বাপেক্সের মহাব্যবস্থাপক (উৎপাদন বিভাগ) প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন বলেন, শিল্পে পর্যাপ্ত জ্বালানি সরবরাহ করা যাচ্ছে না, এটি অস্বীকারের উপায় নেই, শিল্প খাতে প্রয়োজনীয় জ্বালানি প্রাপ্তি নিশ্চিতের লক্ষ্যে নিজেদের সক্ষমতা বাড়াতে ২০৩০ সালের মধ্যে সারা দেশে ১০০টি কূপ খননের উদ্যোগ নেওয়া হয়েছে।

বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিপিজিএমইএ) সভাপতি শামীম আহমেদ বলেন, এলএনজি আমদানিতে বেসরকারি খাতে অধিকহারে সম্পৃক্তকরণে সরকারকে এগিয়ে আসতে হবে।

বিকেএমইএর সিনিয়র সহসভাপতি মনসুর আহমেদ বলেন, প্রতিনিয়ত আমাদের প্রাকৃতি গ্যাস আহরণের হার হ্রাস পাচ্ছে, বিষয়টি উদ্বেগজনক, এমতাবস্থায় তিনি জ্বালানি আমদানি উৎসের বহুমুখীকরণের ওপর জোরারোপ করেন। একই সঙ্গে সবুজ অর্থায়নের ব্যাপ্তি বাড়ানোর আহ্বান জানান, তবে এলএনজিনির্ভরতা হ্রাস করতে হবে বলে মতপ্রকাশ করেন।

বিজিএমইএর সিনিয়র সহসভাপতি ইনামুল হক খান বলেন, নতুন শিল্প স্থাপনে জ্বালানির উচ্চমূল্য দেশের শিল্পায়ন বিকাশে অন্যতম প্রতিবন্ধকতা। তিনি জানান, বৃহত্তর গাজীপুর শিল্পাঞ্চলে প্রতিদিন ৬ থেকে ৮ ঘণ্টা লোডশেডিং চলেছে, ফলে অতিরিক্ত খরচ হচ্ছে ৪ থেকে ৫ লাখ টাকা। এ ছাড়া পণ্য উৎপাদনে সময়ক্ষেপণের কারণে রপ্তানি বাধাগ্রস্ত হচ্ছে, ফলে বৈশ্বিক প্রতিযোগিতায় আমরা ক্রমাগত পিছিয়ে পড়ছি।

শিল্পের ভবিষ্যৎ জ্বালানি নিরাপত্তার স্বার্থে দক্ষতা ও সংরক্ষণ সক্ষমতা বৃদ্ধি জরুরি

অনলাইন ডেস্ক

২৮ জুলাই ২০২৫, ০৬:৫৯ পি.এম। আপডেট: ২৮ জুলাই ২০২৫, ০৭:২৩ পি.এম



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) যৌথভাবে আয়োজিত “বাংলাদেশের শিল্পখাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি” বিষয়ক ফোকাস গ্রুপ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার ঢাকা চেম্বার মিলনায়তনে এই সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)’র চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন সভায় অতিথি হিসেবে যোগদান করেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বার সভাপতি তাসকীন আহমেদ বলেন, জ্বালানী সক্ষমতা বাড়তে আমাদেরকে সামগ্রিকভাবে অভ্যাসগত পরিবর্তন আনয়ন করতে হবে। তিনি বলেন, সমসাময়িক ভূ-রাজনৈতিক প্রেক্ষিত বিবেচনায়, দেশের বেসরকারিখাত যথেষ্ট চাপের মধ্যে রয়েছে, সেই সাথে শিল্পে নিরবিচ্ছিন্ন মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকার কারণে আমরা পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছি, ফলে আমাদের প্রতিযোগিতা সক্ষমতা হ্রাস পাচ্ছে। শিল্প-কারখানায় নিয়মিতভাবে ‘এনার্জি অডিট’ বাস্তবায়নের উপর তিনি জোরারোপ করেন। এছাড়াও তিনি শিল্পের খাত-ভিত্তিক গবেষণায় শিক্ষাখাতকে সম্পৃক্তকরণ এবং প্রয়োজনীয় ‘ইন্ডাস্ট্রি ম্যাপিং’-এর আহ্বান জানান।

সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেন, জ্বালানি দক্ষতা বিষয়ে ২০১৬ সালে একটি এনার্জি এফিশিয়েন্সি অ্যান্ড কন্সারভেশন মাস্টারপ্ল্যান এবং জ্বালানি ও বিদ্যুৎ খাত নিয়ে ২০২৩ সালে ইন্টিগ্রেটেড এনার্জি অ্যান্ড পাওয়ার সেক্টর মাস্টারপ্ল্যান করা হলেও কোন জ্বালানি দক্ষতা নিয়ে সুনির্দিষ্ট নীতিমালা ও কর্মপরিকল্পনা নেই, তাই বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। তিনি বলেন, দেশের বিভিন্ন ক্ষেত্রে জ্বালানি দক্ষতার সংজ্ঞাগত ও ধারণাগত পার্থক্য রয়েছে। এছাড়া দেশের জ্বালানীর উৎস ও সরবরাহে একটি বড় প্রতিবন্ধকতা রয়েছে। তিনি আরো বলেন, জ্বালানি দক্ষতার বিষয়ে গৃহীত পরিকল্পনাগুলোর বাস্তবায়ন হয়েছে কিনা এবং শিল্পখাতে এ বিষয়ে কী ধরনের প্রনোদনা দেয়া হয়েছে এবং কতটা কার্যকর হয়েছে সেটি অনুসন্ধান করে দেখা উচিত। সেইসাথে এখাতে প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের উপর তিনি জোরারোপ করেন।

বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি)’র চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন এনডিসি বলেন, জ্বালানি ভিত্তিক তথ্য প্রচার ও পান্ডিতে একটা গ্যাপ রয়েছে, যার ফলে এবিষয়ক অনেক সরকারি সেবা সম্পর্কে দেশের বেসরকারিখাত অবগত নয়, এটি দূর করতে হবে। তিনি বলেন, আমাদের বেসরকারিখাতের আর্থিক সক্ষমতা বেশ বেড়েছে, তাই জ্বালানি বিষয়ক গবেষণা কার্যক্রমের অর্থায়নে বেসরকারিখাতকে এগিয়ে আসার আহ্বান জানান, যার মাধ্যমে এখাতের নতুন প্রযুক্তির ব্যবহার, ভোক্তাদের সচেতনতা বৃদ্ধি সহ সর্বোপরি একটি টেকসই ব্যবসা বান্ধব জ্বালানি পরিকল্পনা প্রণয়নে সক্ষম হবে।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও ভাইস চেয়ারম্যান, নিউএইজ গ্রুপ আসিফ ইব্রাহীম বলেন, দেশের বৃহৎ শিল্প-কারখানাসমূহে জ্বালানি সরবরাহ থাকলেও, বিশেষকরে এসএমই খাতের উদ্যোক্তারা জ্বালানি স্বল্পতার কারণে উৎপাদন কার্যক্রম পরিচালনায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এছাড়াও ঋণ প্রাপ্তি প্রক্রিয়ার জটিলতার কারণে তারা অর্থায়ন সমস্যায় মুখোমুখি হচ্ছেন, যার আশু সমাধান প্রয়োজন। তিনি বলেন, বিশেষকরে নবায়নযোগ্য জ্বালানি ও জ্বালানী ব্যবহারের সক্ষমতা বাড়তে প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানিতে বিদ্যমান উচ্চ শুল্ক হার হ্রাস করা গেলে শিল্পখাতে জ্বালানি সক্ষমতা বাড়ানো সম্ভব হবে। তিনি জানান, বর্তমানে প্রায় ২৫০টি তৈরি পোষাক খাতের কারখানায় সোলার প্যানেল স্থাপন করা হয়েছে, যা এখাতের শিল্পে বিকল্প জ্বালানি ব্যবহারে বিশেষ ভূমিকা রাখছে। সেই সাথে বিদ্যুৎ কেন্দ্র স্থাপন, জমি অধিগ্রহণ প্রভৃতি বিষয়ে পিপিপি মডেল অনুসরণের উপর তিনি জোরারোপ করেন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (অপারেশন) মোঃ রফিকুল আলম বলেন, প্রতি কিউবিক এলএনজি আমদানিতে ৬৫-৭০ টাকা ব্যয় হলেও সরকার বিক্রি করছে ৩০ টাকায়, ফলে এখানে সরকারকে প্রচুর ভর্তুকি দিতে হচ্ছে। তিনি বলেন, সকল স্তরের ভোক্তাদের জ্বালানী ব্যবহারের জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে ৫-১৫% জ্বালানী সাশ্রয় সম্ভব, সেই সাথে এখাতে গবেষণা কার্যক্রম বাড়ানোর পাশাপাশি নবায়নযোগ্য জ্বালানি বিশেষকরে সৌর বিদ্যুৎ ব্যবহারের বৃদ্ধির উপর জোরারোপ করেন।

বিদ্যুৎ বিভাগের যুগ্ম সচিব (প্রশিক্ষণ শাখা) মোঃ জাহিদুল ইসলাম জানান, আমাদের মোট উৎপাদিত জ্বালানির ২৭% শিল্পখাতে ব্যবহৃত হয় এবং ২০৫০ সালে এ চাহিদা ৪০% উন্নীত হবে। তিনি বলেন, জ্বালানি উৎপাদন ও ব্যবহারে আমরা সাশ্রয়ী হলে তুলনামূলক সাশ্রয়ী মূল্যে শিল্প-কারখানা সহ জনগনকে জ্বালানি সেবা প্রদান সম্ভব হবে।

পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন) মোঃ ইমাম উদ্দিন শেখ জানান, প্রতিদিন আমাদের গ্যাসের চাহিদা ৩৮০০ মিলিয়ন ঘনফুট, যদিও আমরা ২৯০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করতে পারছি, ঘাটতি রয়েছে ৯০০ মিলিয়ন ঘনফুট। প্রয়োজনীয় জ্বালানি সরবরাহ প্রাপ্তির লক্ষ্যে শিল্পাঞ্চলসমূহে কারখানা স্থাপনের জন্য উদ্যোক্তাদের প্রতি তিনি আহ্বান জানান।

বাপেক্সের মহাব্যবস্থাপক (উৎপাদন বিভাগ) প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন বলেন, শিল্পে পর্যাপ্ত জ্বালানি সরবরাহ করা যাচ্ছে না, এটি অস্বীকারের উপায় নেই, শিল্পখাতে প্রয়োজনীয় জ্বালানী প্রাপ্তি নিশ্চিতের লক্ষ্যে নিজেদের সক্ষমতা বাড়তে ২০৩০ সালের মধ্যে সারাদেশে ১০০টি কুপ খননের উদ্যোগ নেওয়া হয়েছে।

বাংলাদেশ প্রাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিপিজিএমইএ)’র সভাপতি শামীম আহমেদ বলেন, এলএনজি আমদানিতে বেসরকারিখাতে অধিকহারে সম্পৃক্তকরণে সরকারকে এগিয়ে আসতে হবে।

বিকেএমইএ’র সিনিয়র সহ-সভাপতি মনসুর আহমেদ বলেন, প্রতিনিয়ত আমাদের প্রাকৃতিক গ্যাস আহরণের হার হ্রাস পাচ্ছে, বিষয়টি উদ্বেগজনক, এমতাবস্থায় তিনি জ্বালানি আমদানি উৎসের বহুমুখীকরণের উপর জোরারোপ করেন। একই সাথে সবুজ অর্থায়নের ব্যাপ্তি বাড়ানোর আহ্বান জানান, তবে এলএনজি নির্ভরতা হ্রাস করতে হবে বলে মত প্রকাশ করেন।

বিজিএমইএ’র সিনিয়র সহ-সভাপতি ইনামুল হক খান বলেন, নতুন শিল্প স্থাপনে জ্বালানির উচ্চ মূল্য দেশের শিল্পায়ন বিকাশে অন্যতম প্রতিবন্ধকতা। তিনি জানান, বৃহত্তর গাজীপুর শিল্পাঞ্চলে প্রতিদিন ৬-৮ ঘন্টা লোডশেডিং চলেছে, ফলে অতিরিক্ত খরচ হচ্ছে ৪-৫ লক্ষ টাকা। এছাড়াও পণ্য উৎপাদনে সময়ক্ষেপনের কারণে রপ্তানি বাধাগ্রস্ত হচ্ছে, ফলে বৈশ্বিক প্রতিযোগিতায় আমরা ক্রমাগত পিছিয়ে পড়ছি। তিনি জানান, শিল্প-কারখানায় ১০% নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধি করা গেলে ২২০ মেগাওয়াট জ্বালানি সাশ্রয় সম্ভব হবে, তবে সোলার প্যানেল আমদানি শুল্ক সুবিধা না থাকায় উদ্যোক্তাদের বেশি দাম প্রদান করতে হচ্ছে।

অনুষ্ঠানে শিল্পখাতে জ্বালানি দক্ষতা নিয়ে সানেমের পক্ষ থেকে একটি প্রেজেন্টেশন দেয়া হয় যেখানে শিল্পখাতে জ্বালানি দক্ষতার বর্তমান অবস্থা, প্রয়োজনীয় প্রযুক্তি ব্যবহার এবং জ্বালানি দক্ষতা পরিমাপের স্ট্যান্ডার্ডাইজড পরিমাপক এবং অনিয়মিত জ্বালানি সরবরাহ কীভাবে দক্ষতা হ্রাস করছে তা নিয়ে প্রশ্ন উত্থাপিত হয়। এরপর অনুষ্ঠানের মুক্ত আলোচনাটি সঞ্চালনা করেন সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান, যেখানে বাংলাদেশ জ্বালানি নিয়ন্ত্রণ কমিশনের পরিচালক মোঃ রেজাউল করিম খান, বাংলাদেশ সাস্টেইনেবল অ্যান্ড রিনিউএবল এনার্জি অ্যাসোসিয়েশনের সভাপতি মোস্তাফা আল মাহমুদ, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)’র সহকারী পরিচালক (স্ট্যান্ডার্ডস ও লেবেলিং) প্রকৌশলী তৌফিক রহমান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন) গোবিন্দ চন্দ্র লাহা, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি-এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা) মোঃ আদিল চৌধুরী, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রিড, সিস্টেম প্রটেকশন ও এনার্জি অডিট) প্রকৌশলী মোঃ মঈনুদ্দিন খান, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল)-এর সিনিয়র অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট ও ইউনিট প্রধান তানভীর ইবনে বাশার, বাংলাদেশ সিমেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (বিসিএমএ)-এর নির্বাহী পরিচালক শংকর কুমার রায়, বাংলাদেশ ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসার্স অ্যাসোসিয়েশনের মহাসচিব কর্নেল (অব.) প্রকৌশলী এ আর মোহাম্মদ পারভেজ মজুমদার, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের ঊর্ধ্বতন সহ-সভাপতি ও ইউনিমেড ইউনিহেলথ ফার্মাসিউটিক্যালস লিমিটেডের চেয়ারম্যান এম মোসাদ্দেক হোসেন, বাংলাদেশ স্টিল ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের মহাসচিব ড. সুমন চৌধুরী এবং এনার্জিপ্যাক ইলেকট্রনিক্স লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ও পরিচালক প্রকৌশলী মোঃ নূরুল আখতার অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি মোঃ সালিম সোলায়মান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

প্রতিদিনের
বাংলাদেশ

মঙ্গলবার, ২৯ জুলাই ২০২৫

জ্বালানির দক্ষ ব্যবহারে জোর ব্যবসায়ীদের

বা

ডিসিসিআই

প্রবাস প্রতিবেদক

দেশের শিল্প খাতের উন্নয়নের জন্য জ্বালানির দক্ষ ব্যবহার ও সংরক্ষণের সক্ষমতা বাড়ানো এখন সময়ের দাবি হয়ে দাঁড়িয়েছে। সাম্প্রতিক ভূ-রাজনৈতিক প্রেক্ষাপট ও জ্বালানির অনিয়মিত সরবরাহ দেশের শিল্প উৎপাদনে নেতিবাচক প্রভাব ফেলছে, যার ফলে আন্তর্জাতিক প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে বাংলাদেশ।

গতকাল সোমবার রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) মিলনায়তনে ‘বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি’ শীর্ষক এক ফোকাস গ্রুপ আলোচনায় এসব কথা বলেন বক্তারা। যৌথভাবে এই আলোচনার আয়োজন করে ডিসিসিআই এবং সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম)।

“শিল্পে জ্বালানির দক্ষ ব্যবহারের জন্য অভ্যাসগত পরিবর্তন জরুরি

তাসকীন আহমেদ
সভাপতি, ডিসিসিআই

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের (বিইপিআরসি) চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন এনডিসি। আলোচনার স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, শিল্পে জ্বালানির দক্ষ ব্যবহারের জন্য অভ্যাসগত পরিবর্তন জরুরি। জ্বালানি সরবরাহে অনিশ্চয়তার কারণে পণ্য উৎপাদনে আমরা পিছিয়ে পড়ছি, যা দেশের প্রতিযোগিতার সক্ষমতাকে বাধাগ্রস্ত করছে।

মানসম্পন্ন জ্বালানির অভাবে পণ্য উৎপাদনে পিছিয়ে

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ বলেছেন, সমসাময়িক ভূরাজনৈতিক প্রেক্ষিত বিবেচনায়, দেশের বেসরকারি খাত যথেষ্ট চাপের মধ্যে রয়েছে। সেই সঙ্গে শিল্পে নিরবচ্ছিন্ন মানসম্পন্ন জ্বালানি সরবরাহ না থাকার কারণে আমরা পণ্য উৎপাদনে পিছিয়ে পড়ছি। ফলে আমাদের প্রতিযোগিতা সক্ষমতা হ্রাস পাচ্ছে।

সোমবার রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার মিলনায়তনে ‘বাংলাদেশের শিল্প খাতে জ্বালানি দক্ষতা বৃদ্ধি’ বিষয়ক ফোকাস গ্রুপ আলোচনা সভায় এসব কথা বলেন ঢাকা চেম্বারের সভাপতি। ডিসিসিআই এবং সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) যৌথভাবে আলোচনা সভার আয়োজন করে। উপস্থিত ছিলেন বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের (বিইপিআরসি) চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদ হোসেন, সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও ভাইস চেয়ারম্যান, নিউএইজ গ্রুপ অসিফ ইব্রাহীম প্রমুখ। ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, জ্বালানি সক্ষমতা বাড়াতে আমাদের সামগ্রিকভাবে অভ্যাসগত পরিবর্তন আনায়েন করতে হবে। এ ছাড়া তিনি শিল্পের খাতভিত্তিক গবেষণায় শিক্ষা খাতকে সম্পৃক্তকরণ এবং প্রয়োজনীয় ‘ইন্ডাস্ট্রি ম্যাপিং’-এর আহ্বান জানান।

সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হান বলেন, জ্বালানি দক্ষতা বিষয়ে ২০১৬ সালে একটি এনার্জি একশিয়েপিং অ্যান্ড কনজারভেশন মাস্টারপ্ল্যান এবং জ্বালানি ও বিদ্যুৎ খাত নিয়ে ২০২৩ সালে ইন্টিগ্রেটেড এনার্জি অ্যান্ড পাওয়ার সেক্টর মাস্টারপ্ল্যান করা হলেও কোনো জ্বালানি দক্ষতা নিয়ে সুনির্দিষ্ট নীতিমালা ও কর্মপরিকল্পনা নেই। তাই বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। তিনি বলেন, দেশের বিভিন্ন ক্ষেত্রে জ্বালানি দক্ষতার সংজ্ঞাগত ও ধারণাগত পার্থক্য রয়েছে। এ ছাড়া দেশের জ্বালানির উৎস ও সরবরাহে একটি বড় প্রতিবন্ধকতা রয়েছে। তিনি আরও বলেন, জ্বালানি দক্ষতার বিষয়ে গৃহীত পরিকল্পনাগুলোর বাস্তবায়ন হয়েছে কি না এবং শিল্প খাতে এ বিষয়ে কী ধরনের প্রণোদনা দেওয়া হয়েছে এবং কতটা কার্যকর হয়েছে সেটি অনুসন্ধান করে দেখা উচিত। সেই সঙ্গে এ খাতে প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের ওপর তিনি জোরারোপ করেন।